



জাতীয় বিশ্ববিদ্যালয়  
বাংলাদেশ  
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং- (০-৫)/জাতীয়বিঃ/পনি/অফিস আদেশ/২০১২/০৩/৭২৪

তারিখঃ ২৪/০১/২০২৩

পরীক্ষার হলে মোবাইল ফোন নিয়ে প্রবেশ করা এবং ব্যবহার সংক্রান্ত  
অনিয়ম বিষয়ে সতর্কিরণ বিজ্ঞপ্তি

সম্প্রতি পরীক্ষার হলে মোবাইল ফোন নিয়ে প্রবেশ করা ও মোবাইল ফোন বা ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করে অসদুপায় অবলম্বনের অভিযোগ উদ্বেগজনকভাবে বৃদ্ধি পেয়েছে। এ বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা শৃঙ্খলা সংক্রান্ত বিধান অনুযায়ী পরীক্ষার হলে মোবাইল ফোন নেয়া যাবে না। কোনো পরীক্ষার্থীর কাছে মোবাইল ফোন পাওয়া গেলে তাকে বহিষ্কার করতে হবে এবং এ অপরাধের জন্য তার সংশ্লিষ্ট বছরের পরীক্ষা বাতিল হয়ে যাবে। পরীক্ষার হলে মোবাইল ব্যবহার করে অসদুপায় অবলম্বন করলে তাকে বহিষ্কার করতে হবে এবং এ অপরাধের জন্য সংশ্লিষ্ট বছরের পরীক্ষা বাতিল এবং পরবর্তী বছরে পরীক্ষা থেকে বিরত রাখা হবে। উভয় ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্য প্রমাণ রেখে ব্যবহৃত মোবাইল ফোনটি সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে ফেরত দিতে হবে। নকলের আলামত হিসেবে ফোনের ছবি, নকলের প্রিন্ট কপি এর সাথে সংযুক্ত করতে হবে। পরীক্ষার্থী পরীক্ষার হলে ফোন নিয়ে প্রবেশ করেছে বা ব্যবহার করেছে মর্মে লিখিত রেখে মোবাইল ফোন ফেরত দিতে হবে। পরীক্ষার হলে ব্যবহৃত মোবাইল ফোন কোনো অজুহাতে জমা নেয়া যাবে না। এ বিষয়ে কোনো প্রকার সমস্যা দেখা দিলে সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করতে হবে। বিষয়টি সকল শিক্ষক, পরীক্ষার্থী এবং সংশ্লিষ্টদের অবহিত করতে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোন: ০২-৯৯৬৬৯১৫১৭

ই-মেইল: controller@nu.ac.bd